

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়  
পাংশা, রাজবাড়ী।

প্রাথমিক শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব জালাল উদ্দিন বিশ্বাস, উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা, রাজবাড়ী।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ : ১০/০৯/২০২১ খ্রিঃ, সময় : সকাল ৩.০০ ঘটিকায়।


সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-‘ক’

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর শিক্ষা অফিসার ও সদস্য সচিব কে পাংশা উপজেলার প্রাথমিক শিক্ষার উপর বিস্তারিত তথ্য উপস্থাপন করেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাংশা প্রতিবেদনের মাধ্যমে জানান যে, আগামী ২৪/১১/২০২১ খ্রিঃ তারিখ বার্ষিক পরীক্ষার-২০২১ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে কৃতিকুরা করুয়াপাড়া উচ্চ বিদ্যালয় ভেন্যু কেন্দ্রে অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তাছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলাছে।

উপজেলা ভাইস চেয়ারম্যান, পাংশা জানান যে, ২০২১ সালের এইচ.এস.সি/আলিম/ এইচ.এস.সি (ব্যবসায় ব্যবস্থাপনা) পরীক্ষা সকলের সার্বিক সহযোগিতায় সুষ্ঠু ও সুন্দর ভাবে অনুষ্ঠিত হয়েছে বিধায় তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাশরুম মনিটরিং, মেনটরিং অব্যাহত রাখতে হবে, সাংস্কৃতিক কর্মকাণ্ড প্রত্যেক স্কুলে অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(জালাল উদ্দিন বিশ্বাস)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, পাংশা।

তারিখঃ ১০/০৯/২০২১

স্মারক নং-প্রাথমিক শিক্ষা/পাংশা/২০২১- ১ ৫৭

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পাংশা, রাজবাড়ী।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, পাংশা, রাজবাড়ী।

উপজেলার শিক্ষা অফিসার  
পাংশা, রাজবাড়ী।